

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৭.২০২২. ৫৪০

তারিখ: ২০/৫/২০২২ খ্রি.


বিষয়: লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর-এর ঝুঁকিপূর্ণ একতলা মসজিদ ভবন অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব অনুমোদন।

সূত্র: কলেজ স্মারক নং ৬১৭, তারিখ: ১২.০৪.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর এর ঝুঁকিপূর্ণ একতলা মসজিদ ভবনটি স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম প্রাক্কলিত মূল্য ৫৮,৯৬৪/- (আটান্ন হাজার নয়শত চৌষট্টি টাকা) নির্ধারণপূর্বক অকেজো ঘোষণা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্রের আলোকে বর্ণিত কলেজের ঝুঁকিপূর্ণ উক্ত ভবনটি অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো।

- ০১। নিলামে বিক্রয়ের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত বিধিবিধান অনুসরণ করতে হবে।
- ০২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মীর রাহাত মাসুম-১৬৩৯৮)
সহকারী পরিচালক (কলেজ-৪)
ফোন: ০২-৪১০৫০২৮৭

অধ্যক্ষ
লক্ষ্মীপুর সরকারি কলেজ
লক্ষ্মীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর;
- ০৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর;
- ০৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।